বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি
অবসর ভবন
৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
ফোন ঃ ২২২২৪০১৮৯, ৪৮১২২৯৮৭, ২২২২৪০১৯০।
Website :www.brgewa.com

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির ২০২২ থেকে ২০২৪ মেয়াদের কার্যনির্বাহী কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী ঃ

স্থান ঃ অবসর ভবন।
তারিখ ঃ ২১ জুন, ২০২২।
সময় ঃ বেলা ১১.০০ টা।
সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা কাজী রিয়াজুল হক।
সভাপতি, বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি।

সভায় কার্যনির্বাহী কমিটির নিম্নোক্ত সদস্যগণউপস্থিত ছিলেন ঃ

১.	বীর মুক্তিযোদ্ধা ড. খোন্দকার শওকত হোসেন	সহ-সভাপতি
২.	বীর মুক্তিযোদ্ধা কৃষিবিদ ড. শহীদুল ইসলাম	সহ-সভাপতি
৩.	জনাব এ কে শামসুল হক	কোষাধ্যক্ষ
৪.	বীর মুক্তিযোদ্ধা মো: আমান উল্লাহ	যুগ্ম-মহাসচিব
৫.	বীর মুক্তিযোদ্ধা মোঃ মহসীন আলী সরদার (বীরপ্রতিক)	যুগ্ম-কোষাধ্যক্ষ
৬.	বীর মুক্তিযোদ্ধা প্রকৌশলী সামসুজজোহা চৌধুরী	সহকারী মহাসচিব
৭.	বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল হাই	সদস্য
৮.	বীর মুক্তিযোদ্ধা এম মিজানুর রহমান	"
৯.	বীর মুক্তিযোদ্ধা ম. হামিদ	"
১০.	বীর মুক্তিযোদ্ধা মোঃ আলী কবির হায়দার	"
১১.	বীর মুক্তিযোদ্ধা মোঃ জিয়ারুল ইসলাম	"
১২.	কৃষিবিদ মোঃ ওয়াসিউজ্জামান আকন্দ	"
১৩.	বীর মুক্তিযোদ্ধা মোঃ আজহার আলী তালুকদার	"
১৪.	জনাব মোঃ ফজলুল হক	"
১৫.	জনাব মোঃ এনায়েত হোসেন	"
১৬.	প্রফেসর ডাঃ আব্দুল মালেক	"
১৭.	জনাব আব্দুল্লাহ হারুন পাশা	"
১৮.	জনাব অশোক মাধব রায়	"
১৯.	প্রফেসর মোহাম্মদ আলী	বিভাগীয় প্রতিনিধি, ঢাকা-১
২০.	জনাব রফিকুদ্দৌলা সিদ্দিকী	বিভাগীয় প্রতিনিধি, ঢাকা-২
২১.	জনাব মো. নুরুল হক	বিভাগীয় প্রতিনিধি, চট্টগ্রাম-১
২২.	জনাব সাইফুল ইসলাম ভুঞা তপন	বিভাগীয় প্রতিনিধি, চট্টগ্রাম-২
২৩.	জনাব শামসুল হুদা	বিভাগীয় প্রতিনিধি, রাজশাহী
২৪.	জনাব এ এস আবদুল কাদির মাহমুদ	বিভাগীয় প্রতিনিধি, সিলেট
২৫.	জনাব নির্মল কুমার বর্মণ	বিভাগীয় প্রতিনিধি, রংপুর
২৬.	জনাব কবির আহমেদ	বিভাগীয় প্রতিনিধি, ময়মনসিংহ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সমিতির সদ্যপ্রয়াত সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত পরিচালনা করেন সমিতির কোষাধ্যক্ষ জনাব এ কে শামসুল হক।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-মহাসচিব (বর্তমানে মহাসচিবের দায়িত্ব প্রাপ্ত) বীর মুক্তিযোদ্ধা মো: আমান উল্লাহ আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্যসূচী-১ ঃ সমিতির ৩০ মে, ২০২২ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও অগ্রগতি পর্যালোচনা।

আলোচনা : সভায় ৩০ মে, ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপিত হলে সম্মানিত সদস্যগণ মতামত রাখেন। তাদের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সংশোধনীসমূহ গৃহীত হয়:-

(ক) আলোচ্যসূচি ৩ এর (২) উপ অনুচ্ছেদ এর শেষ দু লাইন ভুলক্রমে প্রিন্ট হয় "সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে এবং বিষয়টি প্রশাসনিক পুনঃবিন্যাস কমিটির নিকট প্রেরণ করা হোক। তাদের প্রতিবেদনের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে" এই অংশটুকু বাদ যাবে।

(খ) আলোচ্যসূচী-৬ বাজেট পুনঃবিন্যাস উপ-কমিটিতে জনাব মো: এনায়েত হোসেনকে অন্তর্ভুক্তকরণ।

আলোচ্যসূচী-২ ঃ বিভিন্ন উপ-কমিটির কার্যপরিধি (TOR) উপস্থাপন ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা: সভায় সমিতির সভাপতি বলেন গঠনতন্ত্র অনুযায়ী উপকমিটিগুলো নির্বাহী কমিটি/সভাপতিকে সাহায্য করার জন্য গঠিত। সভাপতি/কার্যনির্বাহী কমিটি উপকমিটিগুলোকে নির্দিষ্ট দায়িত্ব প্রদান করতে পারেন। যুগ্ম-মহাসচিব বলেন বিভিন্ন উপকমিটির চেয়ারম্যান কর্তৃক প্রণীত কার্যপরিধি তাদের সাথে আলোচনা করে আজকের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে ।

সিদ্ধান্ত: গঠনতন্ত্রের বিধান অনুযায়ী উপকমিটিগুলোর কার্যক্রম পরিচালনার জন্য TOR অনুমোদন করা হয় (সংযুক্ত)। প্রয়োজনে তা সংযোজন বিয়োজন করা যাবে এই শর্তে।

আলোচ্যসূচী-৩ ঃ উপ-কমিটির সভার সুপারিশসমূহ বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপন।

আলোচনা: সভায় উপ-কমিটির সুপারিশসমূহ উপস্থাপন করা হলে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত : নিম্নোক্তভাবে উপ-কমিটিসমূহের সুপারিশ অনুমোদন হয় :

(১) ক্রীড়া উপ-কমিটি ২৮ এপ্রিল, ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশ অনুমোদন করা হয় ঃ

(ক) আগামী ৩রা সেপ্টেম্বর, ২০২২ তারিখে সমিতির অন্ত:কক্ষ ক্রীড়া প্রতিযোগিতা এবং বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ আগামী ৩ অথবা ১০ ডিসেম্বর, ২০২২ তারিখ আয়োজন;

(খ) অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনার জন্য বীর মুক্তিযোদ্ধা মোঃ আনিসুজ্জামান,বীর মুক্তিযোদ্ধা মোঃ আলতাফ হোসেন, জনাব এ জেড এম মনসুর হোসেন, জনাব মনোয়ার হোসেন, জনাব মোঃ সুরুত জামান ও বীর মুক্তিযোদ্ধা মোঃ জিয়ারুল ইসলাম এর সমন্বয়ে একটি অনু কমিটির গঠন;

(২) স্বাস্থ্য উপ-কমিটির ২২ মে, ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশ অনুমোদন করা হয় ঃ

(ক) সমিতির চিকিৎসা কেন্দ্রে অনকোলজি চিকিৎসক পদ সৃষ্টি ও নিয়োগ;

(খ) প্রাথমিকভাবে প্রাপ্ত লেখাগুলো নির্বাচন করার জন্য সম্পাদন পরিষদের সদস্যগণ ১০০০/-(এক হাজার) টাকা এবং প্রুফ দেখার জন্য জনপ্রতি প্রতিবার ৫০০/-(পাঁচশত) টাকা হারে সম্মানী খরচসহ মুদ্রণ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রাক্কলন তৈরি করে পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত।

আলোচ্যসূচী-৪ ঃ সমিতির নতুন ভবনের নীচ তলায় অভ্যর্থনা কক্ষ স্থাপন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা : সভায় সমিতির সভাপতি জানান যে, সমিতির সম্মানিত সদস্যগণ চিকিৎসা কেন্দ্রে এসে বিভিন্ন তথ্যের জন্য খোঁজা খুঁজি করে। নীচতলা থেকে ২য় তলা ও ৩য় তলায় গিয়ে বিভ্রান্তিতে পড়ে যান। অসুস্থ ও বয়স্ক সদস্যদের এটা যন্ত্রণাদায়ক। সে লক্ষ্যে সমিতির নতুন ভবনের নীচ তলায় অভ্যর্থনা কক্ষ স্থাপন সেখান থেকে চিকিৎসা কেন্দ্রের তথ্যসহ সমিতির যাবতীয় তথ্য সংগ্রহ করতে পারবে। এতে তাঁদের কষ্ট কিছুটা লাঘব হবে। সভায় উপস্থিত সদস্যগণ সবাই একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : সমিতির নতুন ভবনের নীচ তলায় একটি অভ্যর্থনা কক্ষ বিধি-বিধান মেনে স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আালোচ্যসূচী-৫ ঃ সমিতির জরুরী প্রকল্পসমূহ উপস্থাপন ও অনুমোদন।

আলোচনা : সভায় সভাপতি জানান যে, সমিতির কয়েকটি জরুরী প্রকল্প রয়েছে যেগুলো ইতোমধ্যে অফিস থেকে ইস্টিমেট প্রদান করা হয়েছে সেগুলো যাচাই-বাছাই করে কার্যনির্বাহী কমিটিতে দাখিল করার জন্য উন্নয়ন উপ-কমিটির কাছে প্রেরণ করা হয়েছে। এ প্রেক্ষিতে বীর মুক্তিযোদ্ধা মো: আজহার আলী তালুকদার বলেন, ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়েছে। এ প্রেক্ষিতে প্রকৌশলী দেওয়ান শাহ আলম জানান যে, পুরাতন ভবনের ৫ম তলার সংস্কার কাজের ৩,৩৭,২২০/- (তিন লক্ষ সাইত্রিশ হাজার দুইশত বিশ) টাকার ইস্টিমেট পরীক্ষা করে দেখা গেছে এটা সঠিক আছে, নতুন ভবনের নীচ তলায় অর্ভ্যথনা কক্ষের ইস্টিমেট সম্পন্ন না পাওয়ায় এটা পরীক্ষা করা সম্ভব হয়নি এবং ৪র্থ তলার সভাকক্ষ নির্মাণের জন্য কনসালটেন্ট ফি-এর বিল পরীক্ষা করে দেখা গেছে তাদেরকে ১,৪৮,০০০/- (এক লক্ষ আটচল্লিশ হাজার) টাকা প্রদানের মতামত প্রদান করেন।

সিদ্ধান্ত : (ক) সমিতির পুরাতন ভবনের ৫ম তলার সংস্কার কাজের ৩,৩৭,২২০/- (তিন লক্ষ সাইত্রিশ হাজার দুইশত বিশ) টাকার কাজের অনুমোদন;

(খ) সমিতির নতুন ভবনের ৪র্থ তলার সভাকক্ষ নির্মাণের জন্য কনসালটেন্ট-এর প্রার্থীত বিল ১,৪৮,০০০/- (এক লক্ষ আটচল্লিশ হাজার) টাকা প্রদান করার সিদ্ধান্ত;

(গ) সমিতির জরুরী প্রকল্পসমূহ যাচাই বাছাই করে উন্নয়ন উপ-কমিটির চেয়ারম্যানকে আগামী কার্যনির্বাহী কমিটির সভায় একটি লিখিত প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আালোচ্যসূচী-৬ ঃপরামর্শক (Consultant) নিয়োগ সম্পর্কে আলোচনা।

আলোচনা : সভায় উল্লেখ করা হয় যে, সমিতির উত্তরার স্বাস্থ্য সেবা কেন্দ্র স্থাপনের জন্য পরামর্শক নিয়োগ করার প্রয়োজন নেই। অধিকাংশ সদস্য এ ব্যাপারে বলেন সমিতির সদস্যদের মধ্যে থেকে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের নিয়ে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা যেতে পারে।

সিদ্ধান্ত : সমিতির উত্তরার একটি চিকিৎসা কেন্দ্র স্থাপনের জন্য সমিতির সদস্যদের মধ্যে থেকে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের নিয়ে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা।

আালোচ্যসূচী-৭ঃ বিভাগীয় প্রতিনিধি হতে প্রাপ্ত প্রস্তাব উপস্থাপন ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ।

আলোচনা : সভায় ঢাকা বিভাগ-১ এর বিভাগীয় প্রতিনিধি প্রফেসর মোহাম্মদ আলী সমিতির কোন বিভাগে কোন জেলা তা অবহিত করা ও জেলা শাখার আজীবন ও সাধারণ সদস্য ফি কমানো এবং জেলা শাখায় আর্থিক সুযোগ-সুবিধা বৃদ্ধিকরণ সংক্রান্ত প্রস্তাব করেন। সভাপতির অনুমতিক্রমে রাজশাহী বিভাগীয় প্রতিনিধি জনাব শামসুল হুদা জেলা শাখায় কর্মরত কর্মচারীদের বেতনবৃদ্ধিসহ ডাক্তারের সম্মানী বৃদ্ধিকরণের ব্যবস্থা করার প্রস্তাব করেন। রংপুরের বিভাগীয় প্রতিনিধি জনাব নির্মল কুমার বর্মণ বিভাগীয় প্রতিনিধিদের কর্মপরিধি নির্ধারণ করা, জেলা শাখার গঠনতন্ত্র সংশোধনের লিখিত প্রস্তাব সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে প্রেরণ করা এবং ঢাকা বিভাগ - ১ ও ২, চট্টগ্রাম বিভাগ- ১ ও ২ কোন কোন জেলা এর অধীনে তা স্পষ্ট করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত : বিভাগীয় প্রতিনিধিদের উল্লিখিত প্রস্তাবগুলোর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

আালোচ্যসূচী-৮ ঃবিবিধ।

আলোচনা : সভাপতির অনুরোধে উপস্থিত হয়ে সমিতির আজীবন সদস্য ও অর্থ বিষয়ক উপ-কমিটির সম্পাদক এবং অর্থ মন্ত্রণালয়ের সাবেক সিনিয়র সচিব ড. ইউনুসুর রহমান মাননীয় অর্থ মন্ত্রীর প্রস্তাবিত বাজেটে পেনশনারদের সুযোগ সুবিধার ব্যাপারে সংক্ষিপ্ত মতামত তুলে ধরেন। সভায় স্বাস্থ্য ব্যবস্থাপনার উন্নয়ন ও সমন্বয়ের জন্য বীর মুক্তিযোদ্ধা মো: আলী কবির হায়দারকে আহ্বায়ক করে ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি অনু-কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। স্বাস্থ্য উপ-কমিটির চেয়ারম্যান অন্যান্য সদস্য মনোনয়ন দিবেন। সভার পরিসমাপ্তির আগে সভাপতি বিদায়ী সভাপতিকে কিছু বলার জন্য অনুরোধ করলে বিদায়ী সভাপতি জনাব আব্দুল্লাহ হারুন পাশা বলেন নির্বাচন প্যানেলভুক্তভাবে করা হলেও এখন সবাইকে এক হয়েই কাজ করতে হবে। আসলে অবসর সমিতিতে কোন প্যানেল পদ্ধতি বিদ্যমান নেই। সবাই আমরা অবসর সমিতির সদস্য এটিই আমাদের পরিচয়।

সিদ্ধান্ত : (১) সমিতির কর্তৃপক্ষের অনুমতিক্রমে কার্যনির্বাহী কমিটির সদস্য, উপ-কমিটির সদস্য ও সমিতির সদস্য সমিতির অফিসের কাজে ৪ ঘন্টার অধিক কার্যসম্পাদন করলে ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান;

(২) সমিতির উত্তরার ১ বিঘা জমিতে চিকিৎসা কেন্দ্র স্থাপনের জন্য উন্নয়ন উপ-কমিটির আওতায় গঠিত অনু-কমিটিতে কার্যনির্বাহী কমিটির সদস্য প্রফেসর ডা: এম এ মালেক- কে সহযোজিত করা;

(৩) স্বাস্থ্য ব্যবস্থাপনার উন্নয়ন ও সমন্বয়ের জন্য বীর মুক্তিযোদ্ধা মো: আলী কবির হায়দারকে আহ্বায়ক করে ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি অনু-কমিটি গঠনের সিদ্ধান্ত।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে বিশেষ করে বিভাগীয় প্রতিনিধিদের সভায় কষ্ট করে উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শেষ করেন।

১৭/৭/২০২২

(বীর মুক্তিযোদ্ধা কাজী রিয়াজুল হক)
সভাপতি